

শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন
মিরপুর-২, ঢাকা
www.skt.gov.bd

নং-৩৮.০১.০০০০.০২০.০১.০৫২.১৮-৮৮৪

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪২৬ বঃ
২১ জুলাই, ২০১৯ খ্রিঃ


বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক
দিবস ২০১৯ পালন উপলক্ষে কর্মসূচি গ্রহণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০২.০২৩.০০.০০.০০১.২০০৬-৯৭১, ১৪ জুলাই ২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর
রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে গত
০২-০৭-২০১৯ খ্রিঃ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভায় বিভিন্ন দপ্তর/বিদ্যালয়ের প্রতিপালনীয় সম্পর্কে কতিপয় সিদ্ধান্ত
গৃহীত হয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের প্রতিপালনীয় সিদ্ধান্তসমূহঃ

- (১) শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহে জাতীয় শোক দিবস ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার জাতীয় পতাকা
অর্ধনমিত থাকবে;
- (২) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে জাতীয় কর্মসূচির সংগে সংগতি রেখে
যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের জন্য সকল কর্মসূচিতে শিক্ষক/কর্মচারী ও শিক্ষার্থীদের অংশগ্রহণ;
- (৩) শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সংগে সংগতিপূর্ণ কবিতা পাঠ, রচনা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা,
চিত্র প্রদর্শনী, হামদ ও নাথ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন;
- (৪) পোস্টার স্থাপন (সরবরাহ প্রাপ্তি সাপেক্ষে);
- (৫) বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামাচা গ্রন্থ দুটি ও বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক শিশুদের জন্য
প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক গ্রন্থ ক্রয় ও পাঠের ব্যবস্থা গ্রহণ;
- (৬) জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে সকল কর্মসূচিতে সার্বিক নিরাপত্তার স্বার্থে সার্বক্ষণিকভাবে পুলিশ ও স্থানীয়
প্রশাসনের সাথে যোগাযোগ রাখা ও নিজস্ব নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

এমতাবস্থায় যথাযোগ্য মর্যাদায় ১৫ আগস্ট ২০১৯ জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে স্ব-স্ব বিদ্যালয় পরিচালনা কমিটির সাথে
আলোচনা করে বর্ণিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ
করা হলো।


(হাখিবুর রহমান)
পরিচালক (যুগ্মসচিব)
ফোন : ৫৫০৭৪৮৮৪

প্রধান শিক্ষক
শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-
.....
.....

অনুলিপি সদয় অবগতি জন্ম :

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয়
অবগতির জন্য)।